

ইস্ট ওয়েস্ট ভার্সিটির নবীনবরণ অনুষ্ঠিত

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির গ্রীষ্মকালীন সেমিস্টার ২০০২-এর নবাগত ছাত্র-ছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠান শনিবার জাতীয় জাদুঘরের অভিটরিয়ামে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি মূলত দু'টি পর্বে বিভক্ত ছিল। প্রথম পর্বে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য এম. মনোয়ারুল ইসলাম অনুষ্ঠানের নবাগত ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। এরপর বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি ড. এম. ওসমান ফারুক। এছাড়া ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা উপাচার্য এবং পরিচালনা পর্ষদের সভাপতি ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বক্তব্য পেশ করেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে এক মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ পর্বে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সাংস্কৃতিক সংঘের শিল্পীরা ছাড়াও অতিথি শিল্পী হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা। অনুষ্ঠানে বিপুলসংখ্যক ছাত্রছাত্রী, অভিভাবক, ইউনিভার্সিটির অনুঘটকস্বরূপ ডিন প্রফেসর আবদুল মান্নান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তা এবং কর্মচারী উপস্থিত ছিলেন।

এ সেমিস্টারে ইউনিভার্সিটির বিভিন্ন অনুঘটে সর্বমোট ২শ' ৮৫ জন ছাত্রছাত্রী ভর্তি হয়। সংবাদ বিজ্ঞপ্তি।